

ফতওয়া নং ৪২২

প্রশ্ন:

নিজের স্ত্রীকে কেউ যদি রাগের মাথায় বলে, “আমি তোমাকে এক তলাক, দুই তলাক, তিন তলাক দিয়ে দিলাম” তাহলে করণীয় কি, কি করলে সেই স্ত্রীকে পাওয়া যাবে ?

উত্তর:

রাগের মাথায় বা স্বাভাবিক অবস্থায় কেউ নিজের স্ত্রীকে “আমি তোমাকে এক তলাক, দুই তলাক, তিন তলাক দিয়ে দিলাম” বললে, উক্ত স্ত্রীর উপর তিন তলাক পতিত হয়ে, ঐ স্ত্রী তার স্বামীর উপর হারাম হয়ে যাবে। বিয়ে নবায়ন করাও যথেষ্ট হবে না। এমতাবস্থায় মহিলাটি ইদত অতিক্রম করে বিবাহের উপযুক্ত অন্য ব্যক্তির সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হতে পারে। তবে দ্বিতীয় স্বামী বিবাহের পর উক্ত স্ত্রীর সঙ্গে সহবাস করার পর যদি তলাক দেয় বা মৃত্যু বরণ করে, তাহলে ওই নারী ইদত অতিবাহিত করে চাইলে পুনরায় প্রথম স্বামীর সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হতে পারবে। আল্লাহ পাক কুরআনে কারীমে এরশাদ করেছেনঃ অতঃপর (স্বামী) যদি তৃতীয় তলাক দিয়ে দেয় তবে সে (তলাকপ্রাপ্তা স্ত্রী) তার জন্য ততক্ষণ পর্যন্ত হালাল হবে না, যতক্ষণ না সে অন্য কোনও স্বামীকে বিবাহ করবে। অতঃপর যদি সে (দ্বিতীয় স্বামী) তাকে তলাক দিয়ে দেয়, তবে তাদের জন্য এতে কোন গুনাহ নেই যে, তারা (নতুন বিবাহের মাধ্যমে) পুনরায় একে অন্যের কাছে ফিরে আসবে- শর্ত হল তাদের প্রবল ধারণা থাকতে হবে যে, এবার তারা আল্লাহর সীমা কায়েম রাখতে পারবে। (সূরা বাকারা, আয়াত নং ২৩০) নবী (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) উক্ত আয়াতে ব্যাখ্যা স্বরূপ বলেছেনঃ সে প্রথম স্বামীর জন্য ততক্ষণ পর্যন্ত হালাল হবে না যতক্ষণ পর্যন্ত পরস্পর পরস্পরের মধুর স্বাদ গ্রহন (অর্থাৎ সহবাস) না করবে। (সুনানে আবু দাউদ, হাদীস নং ২৩০৯)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
২৭ ফিলহজ্জ, ১৪৪৫ হিজরী (05/07/2024)